

গাজীপুর বিআইটিতে অকৃতকার্য ছাত্রদের কাণ্ড

## দ্বিতীয় দিনের মতো তালা ঝুলিয়ে ক্যাম্পাস অচল

গাজীপুর প্রতিনিধি : গাজীপুরে বিআইটি ঢাকার অকৃতকার্য ছাত্ররা গতকাল দ্বিতীয় দিনের মতো চূড়ান্ত পরীক্ষায় তাদেরকে উত্তীর্ণ করার দাবি পূরণে কর্তৃপক্ষকে চাপ প্রয়োগের জন্য প্রশাসনিক ভবনে পুনরায় তালা ঝুলিয়ে দিয়েছে। ফলে ক্যাম্পাসে সাবারো উত্তেজনা ছড়িয়ে পড়েছে। শেষ পর্যন্ত বিআইটি কর্তৃপক্ষ পরিস্থিতি শামাল দিতে স্থানীয় থানায় পুলিশ চেয়েছে।

অন্যদিকে, গতকাল শনি ও রোববার শিক্ষকদের বাসায় ইট-পাটকেল নিক্ষেপ, অশ্রাব্য ভাষায় গালিগালাজ ও শিক্ষকদের হুমকি দেওয়ার প্রতিবাদে শিক্ষক সমিতি গতকাল আনুষ্ঠানিক সভায় মিলিত হন। দোষী ছাত্রদের বহিষ্কারসহ তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ব্যাপারে সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলেও জানা গেছে।

তবে এ সিদ্ধান্ত কার্যকর করা সম্ভব হবে কিনা তা নিয়ে শিক্ষকদের অনেকের মনেই সন্দেহ দেখা দিয়েছে। কারণ যত্র কৌশল বিভাগের অকৃতকার্য বিজ্ঞান ৯ ছাত্রের মধ্যে ক্ষমতাসীন দলের অঙ্গ সংগঠন ছাত্রদের বিআইটি শাখার সাবেক সভাপতি, সাধারণ সম্পাদকসহ বেশ কয়েকজন ক্যাডার রয়েছে। এরাই মূলত বিআইটিতে এ ঘটনার জন্য দায়ী। কাজেই তাদের বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া সম্ভব হবে কিনা তা নিয়ে প্রশ্ন রয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, গতকাল উচ্চকক্ষ ছাত্ররা আগের দিনের মতোই প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দিয়ে ক্যাম্পাস অচল করে দেয়। সাধারণ ছাত্রছাত্রীরা ছাত্রদল ক্যাডারদের পাহারার মুখে ক্লাস না করে ফিরে আসে।

শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক আবু নঈম শেখের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গতকাল সর্বসম্মতিক্রমে দোষী ছাত্রদের বহিষ্কার ও শাস্তিমূলক ব্যবস্থাগ্রহণের ব্যাপারে সিদ্ধান্ত হয়। এ সিদ্ধান্ত কার্যকর করার ব্যাপারে যথাযথ ব্যবস্থাগ্রহণের জন্য বিআইটির পরিচালককে আনুষ্ঠানিকভাবে আহ্বান জানানো হবে।

ক্যাম্পাসে উত্তেজনা সামাল দিতে বিআইটির রেজিস্ট্রার পুলিশ চেয়ে চিঠি পাঠালে গতকাল ক্যাম্পাসে পুলিশ কিছুক্ষণ টহল দিয়ে ফিরে যায়। গতকাল সন্ধ্যা ৭টায় এ সংবাদ লেখা পর্যন্ত ক্যাম্পাসে উত্তেজনা পরিলক্ষিত হলেও সেখানে কোনো পুলিশ মোতায়েন করতে দেখা যায়নি।